আগামীকাল গাংনী মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ ওয়ার্ডের উপনির্বাচন

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচন আগামিকাল বৃহস্পতিবার (২৫ মে) অনুষ্ঠিত হবে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের শুন্য ওয়ার্ডের উপনির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের উপ নির্বাচনের রির্টানিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাচন কমকর্তা আব্দুল আজিজ বলেন, মটমুড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে মোট ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করছেন। তারা হলেন, ওই ওয়ার্ডের প্রয়াত সদস্য (মেম্বর) আব্দুস সোবহানের স্ত্রী মোছা: পলি আরা (মোরগ) ও মো: কামাল হোসেন (টিউবওয়েল)। হোগলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে দুটি ভোট কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ভোটার সংখ্যা ৬৩৯৭ জন। এদের মধ্যে নারী ভোটার সংখ্যা ৩১৮২ এবং পুরুষ ভোটার সংখ্যা ৩২১৫ জন।

উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বর আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যায়। ঢাকা শেখ হাসিনা বার্ন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শুন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ করতে সব ধরণের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। আজ বুধবার দুপুরের দিকে নির্বাচনী সরঞ্জামসহ, প্রিজাইডিং অফিসারসহ নিরাপত্তার কাজে নিয়োজিত পুলিশ আনসারদের ভোট কেন্দ্রে পৌছানোর নির্দেশ দেওয়া হয়েছে।